

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৯১

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (کتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/৩৯. উযু করতে অপরের সাহায্য গ্রহণ এবং তার পানি ঢেলে দেয়া।

بَابِ الرَّجُلِ يَسْتَعِينُ عَلَى وُضُوئِهِ فَيَصِبُّ عَلَيْهِ

আরবী

حَدَّثَنَا بِشِّرُ بْنُ آدَمَ، حَدَّثَنَا زَيْدُ بْنُ الْحُبَابِ، حَدَّثَنِي الْوَلِيدُ بْنُ عُقْبَةَ، حَدَّثَنِي حُذَيْفَةُ بْنُ أَبِي حُذَيْفَة بْنُ الله عليه أبي حُذَيْفَة الأَزْدِيُّ، عَنْ صَفْوَانَ بْنِ عَسَّالٍ، قَالَ صَبَبْتُ عَلَى النَّبِيِّ - صلى الله عليه وسلم - الْمَاءَ فِي السَّفَرِ وَالْحَضَرِ فِي الْوُضُوءِ .

বাংলা

৩/৩৯১। সাফ্ওয়ান ইবনু আসসাল (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সফরে ও বাড়িতে থাকাকালে আমি তাঁর উয় (ওজু/অজু/অযু)র পানি ঢেলে দিয়েছি।

English

It was narrated that Safwan bin 'Assal said:

"I poured water for the Prophet on journeys and as a resident, when he performed ablution."

ফুটনোট

তাহকীক আলবানী: যঈফ। উক্ত হাদিসের রাবী ১. বিশর বিন আদাম সম্পর্কে ইমাম যাহাবী বলেন, তিনি সত্যবাদী। আবু হাতিম আর-রাযী ও ইমাম দারাকুতনী বলেন, তিনি হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য নয়। ২. যায়দ ইবনুল হুবাব সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তিনি সত্যবাদী কিন্তু হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। আলী ইবনুল মাদীনী ও উসমান বিন আবু শায়বাহ তাকে সিকাহ বলেছেন। ৩. ওয়ালীদ বিন উকবাহ সম্পর্কে ইমাম যাহাবী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ সাফওয়ান ইবনে আসসাল (রাঃ)



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=10306}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন